

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
গাইবান্ধা সদর, গাইবান্ধা।

তারিখ : ১৩/৩/২০২১ খ্রি:

স্মারক নং- ৪৬৩

জরুরী নটিশ

এতদ্বারা খাদ্যশস্য আমদানিকারক, পাইকারী ব্যবসায়ী/আড়তদার ও খুচরা ব্যবসায়ীগণকে জানানো যাচ্ছে যে, যারা সর্বনিম্ন ১(এক) মেটন খাদ্যশস্য/খাদ্যসামগ্রী (এককভাবে কিংবা মিলিতভাবে) অর্থাৎ ১০০০ (এক হাজার) কেজি ধান/চাল, গম/গম জাত দ্রব্য, সয়াবিন ও পামওয়েল (পরিশোধিত), চিনি (পরিশোধিত) এবং ডাল মজুত/ক্রয়-বিক্রয় করেন তাদের জন্য এসআরও নং-১১৩ আইন/২০১১- The Controll Of Essential Commodities Act, 1956 (Act No 1 of 1956) এর section 3 তে প্রদত্ত ক্ষমতাবলে খাদ্যশস্য লাইসেন্স গ্রহণ বাধ্যতামূলক করা ছাড়াও খাদ্যশস্য মজুতের পরিমাণ ও মেয়াদ নির্ধারণ করে দেয়া হয়েছে এবং অনুমোদিত প্রত্যেক লাইসেন্সধারী ব্যবসায়ীকে খাদ্যশস্য/খাদ্যসামগ্রী আমদানি, ক্রয়, মজুত ও বিক্রয়ের হিসাব লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষের নিকট নির্ধারিত “ছকে” পাক্ষিক ভিত্তিতে প্রতিবেদন দাখিলের বিধান রয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, অনেক ব্যবসায়ী এ লাইসেন্স গ্রহণে অনীহা প্রকাশ করছেন এবং পাক্ষিক প্রতিবেদন দাখিল থেকে বিরত থাকছেন যা আইনের লঙ্ঘন ও শাস্তিযোগ্য অপরাধ।

এই পরিস্থিতিতে যারা খাদ্যশস্যের লাইসেন্স গ্রহণ করেননি তাদেরকে লাইসেন্স গ্রহণ এবং নিয়মিত প্রতিবেদন দাখিলের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা সদর/জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা মহোদয়ের দপ্তরে অতিসত্বর যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

প্রাপক :

প্রোঃ জনাব


মেসার্স/

উপজেলা : গাইবান্ধা সদর, গাইবান্ধা।

স্মারক নং-

অনুলিপি : সদয় অবগতি/অবগতির জন্য-

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর বিভাগ, রংপুর।
- ২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা।
- ৪। অফিস কপি।


(মোঃ মোফাখ খারুল ইসলাম)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
গাইবান্ধা সদর, গাইবান্ধা।

তারিখ :

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
গাইবান্ধা সদর, গাইবান্ধা।